

# সমকাল

## যুবলীগ নেতাকর্মীদের দখলে ঢাবির হল, শিক্ষার্থীদের ভোগান্তি

প্রকাশ: ১১ নভেম্বর ২২ | ২১:১৭ | আপডেট: ১১ নভেম্বর ২২ | ২১:১৭

### সমকাল প্রতিবেদক



যুবলীগের মহাসমাবেশে যোগ দিতে দেশের বিভিন্ন জেলা ও বিভাগীয় শহর থেকে আসা নেতাকর্মীরা সমাবেশস্থলের পাশেই অবস্থিত ঢাবির হলগুলোতে অবস্থান নেন। এতে চরম ভোগান্তিতে পড়েন সেখানকার শিক্ষার্থীরা।

শুক্রবার দুপুরে সমাবেশ অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও খুব সকাল থেকেই নেতাকর্মীরা সমাবেশস্থলের দিকে আসতে থাকেন। এরপর তাঁরা পার্শ্ববর্তী ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঢুকে পড়েন।

সরেজমিন দেখা যায়, পুরো ক্যাম্পাসে যুবলীগ নেতাকর্মীর অবস্থান। খাবার খাওয়ার পর প্যাকেটগুলো তাঁরা ডাস্টবিনে না ফেলে যত্রত্র ফেলে রেখেছেন। মলচত্বর, সবুজ চত্বর, ইন্টারন্যাশনাল হলের সামনেসহ পুরো ক্যাম্পাস ময়লার ভাগাড়ে পরিণত করেছেন তাঁরা।

সমাবেশে যোগ দিতে সকাল থেকেই দূর-দূরান্ত থেকে নেতাকর্মীরা গোসল ও খাওয়া দাওয়া, বিশ্রাম, শৌচাগার সারতে ঢাবির হলগুলোতে আসতে থাকেন। এতে টয়লেটগুলোতে পড়ে যায় দীর্ঘ লাইন। নেতাকর্মীর ভিড়ে সেখানে সুযোগ পাচ্ছিলেন না সাধারণ শিক্ষার্থীরা। এদিকে জুমার দিন হওয়ায় ভোগান্তি আরও বেড়ে যায়।

বেলা বাড়ার সঙ্গে সঙ্গে হলগুলোর ক্যান্টিন ও খাবারের দোকানও চলে যায় সমাবেশ আসা নেতাকর্মীর দখলে। সেখানে রংবেরঙের টি-শার্ট পরিহিত যুবলীগ কর্মীর কারণে খাবার গ্রহণে সমস্যায় পড়েন শিক্ষার্থীরা। কয়েকটি ক্যান্টিনে আবার সংগঠনটির নেতাকর্মীরা আগেই খাবারের বুকিং দিয়ে রেখেছিলেন। ক্যান্টিন-সংশ্লিষ্টদের শিক্ষার্থীদের খাবার না দিয়ে সেগুলো প্রস্তুতে ব্যস্ত থাকতে দেখা যায়। কয়েকটি হলে দীর্ঘক্ষণ চেষ্টা করেও খাবার না পেয়ে ফিরে যেতে হয়েছে অনেক শিক্ষার্থীকে।

নাম প্রকাশে অনিচ্ছুক ঢাবির এক আবাসিক শিক্ষার্থী জানান, ওয়াশরুমে ভোর থেকে এত বেশি ভিড় ছিল যে ঘুম থেকে উঠে সেখানে গিয়ে ফ্রেশ হতে আধাঘণ্টা চলে যায়।

তিনি আরও জানান, জুমার নামাজের পর খাবারের দোকানে গিয়ে দেখতে পান সব শেষ। ক্যান্টিন, দোকান কোথাও খাবার নেই। এ ধরনের বাজে অভিজ্ঞতা হলজীবনে এই প্রথম।

এ বিষয়ে একাধিক হল প্রতোষ্টের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁরা বলেন, তাঁদের কিছু করার নেই।

জানা গেছে, যুবলীগ নেতারা সমাবেশে আসা কর্মীদের আগে থেকেই বিশ্রাম ও খাবার গ্রহণসহ যাবতীয় কাজে ঢাবির হলগুলো ব্যবহারের নির্দেশনা দেন। এসব দেখভালের দায়িত্ব ছিল হল ছাত্রলীগ নেতাদের। ফলে বাইরের নেতাকর্মীরা সারাদিন নির্বিঘ্নে ঢাবির হলগুলো ব্যবহার করতে পেরেছেন।

তবে এসব ঘটনার ব্যতিক্রম ঘটনা ঘটেছে বিশ্ববিদ্যালয়ের সূর্য সেন হলে। সকালের দিকে হলে যুবলীগ নেতাকর্মীরা প্রবেশ করতে পারলেও দুপুরে সংঘর্ষের ঘটনার পর ক্ষুক্ষ হয়ে হলে অবস্থানরত যুবলীগ কর্মীদের বের করে প্রধান ফটক আটকে দেন আবাসিক শিক্ষার্থীরা। এদিন সারাদেশ থেকে আসা বাস, মাইক্রোবাস, প্রাইভেটকার ও পিকআপ ঢাবি এলাকায় রাখা হয়।